


# হোয়াটসঅ্যাপ আইডি খোলা এবং গ্রুপ খোলা/ব্যবহার

কাজের ধাপ ও বিবরণ	স্ক্রিনশট (এন্ড্রয়েড ডিভাইসের জন্য)
<p><b>ধাপ-১</b></p> <p>আপনার এন্ড্রয়েড মোবাইল থেকে ইন্টারনেট/ডাটা অন/কানেএক্টড থাকা অবস্থায় প্লে-স্টোরের সিম্বলে টাচ করুন এবং <b>WhatsApp</b> টাইপ করে সার্চ করুন।</p>	
<p><b>ধাপ-২</b></p> <p><b>WhatsApp</b> এর এ সিম্বলযুক্ত এপটি সিলেক্ট করে ইনস্টলে বাটনে টাচ করুন। ইন্টারনেট স্পিডের উপর ভিত্তি করে ৩০ এমবির অধিক সাইজের এ এপটি ডাউনলোড ও ইনস্টল হতে কিছুটা সময় নেবে। সে পর্যন্ত অপেক্ষা করুন।</p>	
<p><b>ধাপ-৩</b></p> <p>ডাউনলোড হওয়ার পর ইনস্টলের সময় অডিও, ভিডিও, মাইক্রোফোন ইত্যাদির এক্সেস চাইবে। যাই আসুক, এক্সেপ্ট করুন।</p>	
<p><b>ধাপ-৪</b></p> <p>ইনস্টল শেষে এপটির (ছবিতে প্রদর্শিত) ওপেন বাটনে এ টাচ করুন।</p>	


### ধাপ-৫

এপ ওপেন করার পর ছবিতে প্রদর্শিত এগ্রি  
এন্ড কন্টিনিউ বাটনে টাচ করুন।




### ধাপ-৬






ভেরিফাই ইউর ফোন নাম্বার এর একটি বক্স  
আসবে। এখান থেকে প্রথম ঘরের তির  
চিহ্নিত অংশে টাচ করে বাংলাদেশ সিলেক্ট  
করুন এবং দ্বিতীয় ঘরে আপনার মোবাইল  
নম্বরটি লিখুন।



### ধাপ-৭

ওকে তে টাচ করুন। এরপর এখান থেকে ৬  
সংখ্যার একটি কোড আপনার দেয়া  
মোবাইল নম্বরে ভেরিফিকেশনের জন্য  
পাঠানো হবে।



<p>ধাপ-৮</p>	
<p>আপনার মোবাইলের মেসেজ অপশনে প্রবেশ করুন।</p>	
<p>ধাপ-৯</p>	<p>নতুন মেসেজটি খুলে প্রাপ্ত ৬ সংখ্যার কোডটি কপি করুন/মনে রাখুন।</p>
<p>ধাপ-১০</p>	
<p>এবার হোয়াটসএপ এর পূর্বের (যেখানে মোবাইল নম্বর বসানো হয়েছিলো) নির্ধারিত স্থানে ৬ সংখ্যার কোডটি (মেসেজ থেকে প্রাপ্ত) বসান।</p>	
<p>এবার আপনার হোয়াটসএপ ব্যবহার, মেসেজ পাঠানোর জন্য প্রস্তুত। মনে রাখবেন, যে মোবাইল নম্বরটি ভেরিফাই করেছেন, সেটিই আপনার হোয়াটসএপ আইডি। কখনো রিমুভ করা বা রি ইনস্টল করা প্রয়োজন হলে আবার একই নম্বর দিয়ে একইভাবে ভেরিফাই করে পূর্বের তথ্য পাওয়া যাবে।</p>	


## ধাপ-১০ (নতুন গ্রুপ তৈরি)

হোয়াটসএপ অন করে (হোমস্ক্রিন থেকে হোয়াটসএপ আইকনে টাচ করে) এপের উপরে ডানে অবস্থিত তিনটি ডট চিহ্নে টাচ করুন এবং নিউ গ্রুপ সিলেক্ট করুন।



## ধাপ-১১


নতুন গ্রুপের নাম দিন, গোল চিহ্নিত আইকনে টাচ করে ছবিও সংযুক্ত করতে পারেন। এরপর নিচের ডানের সবুজ টিক চিহ্নে টাচ করে নিশ্চিত করুন।



## ধাপ-১২


এরপর এড পিপল অপশন থেকে নিজের কন্টাক্ট লিস্টের/ অন্য কোন নম্বর বসিয়ে সংশ্লিষ্ট মেম্বার এড করুন। কোন মেম্বার এড করা না হলে পরেও তা করা যাবে।

এরপর নিচের সবুজ তীর চিহ্নে টাচ করুন এবং গ্রুপ খোলা সম্পন্ন করে ব্যবহার করুন।




## ধাপ-১৩

গ্রুপ খোলা সম্পন্ন হলে গ্রুপে প্রবেশ করে এপের উপরে ডানে অবস্থিত তিনটি ডট চিহ্নে টাচ করুন এবং গ্রুপ ইনফোতে টাচ করে প্রয়োজনে গ্রুপে যুক্ত হওয়ার লিংক ছবিতে প্রদর্শিত উপায়ে কাউকে শেয়ার করতে পারেন।



### ধাপ-১৪

কাঙ্খিত কারো কাছ থেকে মেসেজে বা মেসেঞ্জারে এ ধরনের ইনভাইটেশন পেলে প্রাপ্ত লিংকে টাচ/ক্লিক করে গ্রুপের সদস্য হওয়া যায়।



### ধাপ-১৫


(মোবাইল থেকে কম্পিউটারে সংযুক্ত হওয়া)

মোবাইল থেকে হোয়াটসএপ এ প্রবেশ করে এপের উপরে ডান দিকের তিনটি ডটে টাচ করুন এবং হোয়াটসএপ ওয়েব এ টাচ করুন।



### ধাপ-১৬

ডেস্কটপ/ল্যাপটপ থেকে ব্রাউজারে প্রবেশ করে [web.whatsapp.com](http://web.whatsapp.com) এ প্রবেশ করুন। ছবিতে প্রদর্শিত মতো একটি কিউআর কোড দেখাবে। ধাপ ১৫ অনুসরণ করে মোবাইল থেকে ডেস্কটপের এ কিউআর কোডটি স্ক্যান করুন এবং ডেস্কটপে হোয়াটসএপ ব্যবহার করুন।



হোয়াটসএপ সম্পর্কীয় কিছু ভিডিও টিউটোরিয়ালের লিংক:

1. <https://youtu.be/IAUpNNDDDnc>
2. [https://www.youtube.com/watch?v=Jf7US3bbyI&fbclid=IwAR00sUf\\_OyanEyyt3Ud8GvnjitpBWCOTpBgbYVhAfcsc5R1KPrFrzOg9TRU](https://www.youtube.com/watch?v=Jf7US3bbyI&fbclid=IwAR00sUf_OyanEyyt3Ud8GvnjitpBWCOTpBgbYVhAfcsc5R1KPrFrzOg9TRU)
3. <https://www.youtube.com/watch?v=y3EdIJeTXk>